

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯১.০০৩.২৩ নথির বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন শেখদি পাম্পের এর স্লুইচ ভাঙ্গ স্প্যাণ্ডেল পরিবর্তন ও স্লুইচ ভাঙ্গ মেরামতকরণ ও মাতুয়াইল-২ নং পাম্পের ডেলিভারী লাইন এর লিকেজ মেরামতকরণ ও রক্ষণাবেক্ষণ এবং কাজলা পাম্প সংলগ্ন এলাকায় স্লুইচ ভাঙ্গ অপারেট ও মেরামতকরণ কাজ।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন শেখদি পাম্পের এর স্লুইচ ভাঙ্গ স্প্যাণ্ডেল পরিবর্তন ও স্লুইচ ভাঙ্গ মেরামতকরণ ও মাতুয়াইল-২ নং পাম্পের ডেলিভারী লাইন এর লিকেজ মেরামতকরণ ও রক্ষণাবেক্ষণ এবং কাজলা পাম্প সংলগ্ন এলাকায় স্লুইচ ভাঙ্গ অপারেট ও মেরামতকরণ কাজ।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১/৮/২৩ ৯:২১ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের সংযুক্ত ক্রমিক নং গুলো সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন মাতুয়াইল-২ পাম্পের ডেলিভারী লাইন লিকেজ হয়ে প্রচুর পরিমাণে পানি বের হয়ে যাচ্ছে। এছাড়া লিকেজের কারণে পাম্প কম্পাউন্ডের ভিতরে পানি জমে গর্তের সৃষ্টি হচ্ছে। ফলে পাম্প কম্পাউন্ডের পরিবেশ নষ্ট হচ্ছে এবং পাম্প কম্পাউন্ডে পাম্প চালকগণের ডিউটি করতে অসুবিধা হচ্ছে এবং চলাচলে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। তাই, পানির অপচয় রোধকল্পে লিকেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি অতি দ্রুত করা প্রয়োজন। এছাড়া, শেখদি পাম্পে বিদ্যমান দীর্ঘদিনের পুরাতন স্লুইচ ভাঙ্গের স্প্যাণ্ডেলের থ্রেড এবং বুশ ক্ষয় হয়ে যাওয়ার দরুন এলাকায় পানি সরবরাহ বিঘ্নিত হচ্ছে। তাই সংশ্লিষ্ট এলাকায় নিরবচ্ছিন্ন ভাবে পানি সরবরাহের স্বার্থে উল্লিখিত স্লুইচ ভাঙ্গ স্প্যাণ্ডেল পরিবর্তন ও স্লুইচ ভাঙ্গ জরুরি মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। আবার, কাজলা পাম্প সংলগ্ন এলাকায় স্থাপিত স্লুইচ ভাঙ্গের স্প্যাণ্ডেলের থ্রেড এবং বুশ ক্ষয় হয়ে ভালব পড়ে গিয়ে এক পাশে পানি সরবরাহ বিঘ্নিত হচ্ছে। তাই সুষ্ঠুভাবে পানি সরবরাহের নিমিত্তে স্লুইচ ভাঙ্গ জরুরি ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ পূর্বক স্লুইচ ভাঙ্গ অপারেট করণ প্রয়োজন। সুষ্ঠু পানি সরবরাহের মাধ্যমে ঢাকা ওয়াসার সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে উল্লিখিত মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজসমূহ জরুরী ভাবে করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১/৮/২৩ ৯:২৪ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পন্ন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। যার প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৪৮,৬০৬.৮৪ (আটচল্লিশ হাজার ছয়শত ছয় দশমিক আট চার টাকা মাত্র)। আলোচ্য কাজটির ব্যয় চলতি ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং- বি-১৪.৮ নং আইটেম হতে নির্বাহ করা যেতে পারে। এবং কাজটি জরুরি বিবেচনায় পি.পি.আর-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এ. এম. জে হাসান এন্ড ব্রাদার্স কন্সট্রাকশন এর সাথে সরাসরি চুক্তির আওতায় সম্পাদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। আলোচ্য কাজের প্রাক্কলন।
- ৩। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১/৮/২৩ ৯:২৮ অপরাহ্ন

এমতাবস্থায়, আলোচ্য কাজটি সম্পন্ন করার লক্ষ্যে পি.পি.আর-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এ. এম. জে হাসান এন্ড ব্রাদার্স কন্সট্রাকশন এর সাথে সরাসরি চুক্তি প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে অনুচ্ছেদ নং ১.১ সহ প্রাক্কলিত টাঃ ৪৮,৬০৬.৮৪ (আটচল্লিশ হাজার ছয়শত ছয় দশমিক আট চার টাকা মাত্র) - এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন। সর্বিনয়ে উপস্থাপন করা হ'ল।

২/৮/২৩ ৪:১৫ অপরাহ্ন
সজ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

২/৮/২৩ ৪:৩৪ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

২/৮/২৩ ৫:০৭ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

২/৮/২৩ ৫:০৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৩/৮/২৩ ৬:০১ পূর্বাহ্ন

অনুমোদিত

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



৩/৮/২৩ ৬:০১ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

~~৩/৮/২৩ ৬:০১ পূর্বাহ্ন~~
~~মোঃ শাহ আলম~~
~~নির্বাহী প্রকৌশলী~~
~~মডস জোন-৭~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩/৮/২৩ ১০:০৪ পূর্বাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.3



৩/৮/২৩ ১০:০৫ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

৩/৮/২৩ ১০:০৫ পূর্বাহ্ন
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭